নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-৩

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৩

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪০৭.৩৮.০১৪.২৪** নথির বিষয়: মডস জোন-৩ এর আওতাধীন নীলক্ষেত থেকে ধানমন্ডি ২ নং রোড হয়ে বিডিআর গেট হয়ে ঝিগাতলা পয়ঃ পাম্প পর্যন্ত এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং-২০)

নোট: ১ নোটের বিষয়: **মডস জোন-৩ এর আওতাধীন নীলক্ষেত থেকে ধানমন্ডি ২ নং রোড হয়ে বিডিআর গেট হয়ে ঝিগাতলা পয়ঃ পাম্প পর্যন্ত এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং-২০)**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১২/২/২৪ ২:২৮ অপরাহ্ন

ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৩, ঢাকা শহরের বিস্তীর্ন এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিস্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের অধীনে জাতীয় সংসদ ভবন, গণভবন, এম.পি হোষ্টেল সমূহ, পরিকল্পনা মন্ত্রনালয়, বঙ্গবন্ধু সামরিক যাদুঘরসহ অসংখ্য গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান যেমন রয়েছে তেমনি বহু রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি বর্গের বসবাসস্থল আবাসিক এলাকা *"ধানমন্ডি"* অবস্থিত। অত্র জোনের দক্ষিনে নীলক্ষেত, পূর্বে কাজী নজরুল ইসলাম এভিনিউ, উত্তরে কল্যানপুর মেইন খাল এবং পশ্চিমে বেড়িবাঁধ ও তদপরবর্তী (ঢাকা উদ্যানসহ) তুরাগ নদী পর্যন্ত প্রসারিত। উল্লেখযোগ্য এলাকা সমুহের মধ্যে অন্যতম এলাকা সমুহ হলো ধানমন্ডি, লালমাটিয়া, মোহাম্মদপুর, জিগাতলা, কলাবাগান, শেরেবাংলা নগর, মনিপুরী পাড়া, শ্যামলী, শংকর, রাজাবাজার, রায়েরবাজার ইত্যাদি। বর্তমানে ৪ টি পয়ঃ লিফট ষ্টেশনের মাধ্যমে জোনের পয়ঃ বর্জ্য সমুহ বিভিন্ন নেটওয়ার্কের মাধ্যমে পাগলা পয়ঃ শোধনাগারে প্রেরণ করা হয়।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১২/২/২৪ ২:২৯ অপরাহ্ন

এম.আই.এস রিপোর্ট (মে/২০১৫) অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১২৮কিলোমিটার পয়ঃ লাইন, ম্যানহোল ৩১০০টি ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সুষ্ঠু পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে মাস্ ক্লিনিং কাজ করা হয়। বর্তমানে অত্র মডস জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইনে ব্লকেজের কারণে পয়ঃ লাইনের স্বাভাবিক প্রবাহ বাধাপ্রাপ্ত হয়ে অনেক জায়গায় পয়ঃ ওভার ফ্লো দেখা দেয়। ফলে পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্বক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। অত্র মডস জোনের বিভিন্ন এলাকা হতে প্রায়শই পয়ঃ ওভার ফ্লো এর অভিযোগ আসছে। কিন্তু সুষ্ঠু ভাবে পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই জরুরী ভিত্তিতে স্যুয়ার লাইন ও ম্যানহোল মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন। উল্লেখ্য যে,ঢাকা মহানগরীর পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের বিশেষ নির্দেশনা রয়েছে। সেই প্রেক্ষিতে সুয়ার লাইন ও ম্যানহোল মাস্ ক্লিনিং কাজের প্রতিদিনের উত্তোলিত স্লাজ প্রতিদিনই বিভাগীয় গাড়ীর সাহায্যে অপসারন করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের অফিস নির্দেশনা রয়েছে (সংযুক্তি- ১)। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে মৌখিক আলোচনার প্রেক্ষিতে প্রতি বছরের ন্যায় এই বছরেও দৈনিক মজুরী ভিত্তিতে কাজ করার পরিকল্পনা করা হয়েছে।

সংযুক্তিসমূহ (১):
১। স্লাজ অপসারনের বিষয়ে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক নির্দেশনা.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১২/২/২৪ ২:২৯ অপরাহ্ন

মডস জোন-৩ এর আওতাধীন সমগ্র এলাকাকে ২৪ টি ভাগে/গ্রুপে বিভক্ত করতঃ প্রতি বছরেই ৩ ধাপে ৮টি গ্রুপে মাস ক্লিনিং কাজ সম্পন্ন করা হয়। ইতোমধ্যে ১ম ধাপের ৮ টি গ্রুপের মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারনের কাজ সম্পন্ন হয়েছে এবং ২য় ধাপের ৮ টি গ্রুপের মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারনের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। চলমান মাস্ ক্লিনিং কাজ নিরবিচ্ছিন্নভাবে করা সম্ভব না হলে / বন্ধ করে দেয়া হলে আপ ষ্ট্রিম হতে স্লাজ এসে ইতোমধ্যে যে সকল লাইন ও পয়ঃ ম্যানহোল পরিস্কার করা হয়েছে সেগুলো স্লাজ দিয়ে ভরাট হয়ে যায়, ফলশ্রুতিতে মাস্ ক্লিনিং কাজের প্রকৃত সুফল পাওয়া যায়না। সেই লক্ষ্যে কাজের ধারাবাহিকতা রক্ষার্থে ১ম ধাপের মাস ক্লিনিং কাজ সম্পন্ন হওয়ার পর ২য় ধাপের মাস ক্লিনিং কাজ শুরু করা আবশ্যক। **তারই ধারাবাহিকতা রক্ষার্থে ৩য় ধাপের মাস ক্লিনিং কাজের জন্য পয়ঃ লাইন পরিস্কার করন ও স্লাজ সরানো সহ ৮ (আট) টি গ্রুপের কাজ আগামী ২০ ফেব্রুয়ারী/২৪ হতে শুরু করা করা প্রয়োজন। ৩য় পর্যায়ের প্রস্তাবিত মাস্ ক্লিনিং কাজের গ্রুপ সমূহ নিম্নে উপস্থাপন করা হলোঃ**

১) মডস জোন-৩ এর আওতাধীন বাবর রোড, হুমায়ন রোড, খিলজি রোড, পিসি কালচার "ক" ব্লক গজনবী রোড, এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং-১৭) ।

২) মডস জোন-৩ এর আওতাধীন ধানমন্ডি রোড নং-১০/এ, ১১/এ, ১২/এ, ১৩/এ, ১৪/এ, ১৫/এ এবং ১৬/এ, ধানমন্ডি-২৭ অর্থাৎ পূর্বে লেক, পশ্চিমে সাত মসজিদ রোড এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং-১৮)।

৩) মডস জোন-৩ এর আওতাধীন পশ্চিম ধানমন্ডি রোড নং-৩/এ, ৪/এ, ৫/এ, ৬/এ, ৭/এ এবং ৯/এ সাত মসজিদ রোড এর পশ্চিম পাশ, শেরে বাংলা রোড রায়ের বাজার স্কুল বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং-১৯)।

৪) মডস জোন-৩ এর আওতাধীন নীলক্ষেত থেকে ধানমন্ডি ২ নং রোড হয়ে বিডিআর গেট হয়ে ঝিগাতলা পয়ঃ পাম্প পর্যন্ত এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং-২০)।

৫) মডস জোন-৩ এর আওতাধীন ঝিগাতলা পয়ঃ লিফট ষ্টেশন হতে বউ বাজার পর্য্যন্ত, নিমতলী, সনাতনগড় এবং তিন মাজার সহ তৎসংলগ্ন এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং-২১)।

৬) মডস জোন-৩ এর আওতাধীন সাইন্স ল্যাবরেটরী রোড হয়ে গ্রীন রোড ফার্মগেট পুলিশ বক্স পর্যন্ত এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং-২২)

৭) মডস জোন-৩ এর আওতাধীন ধানমন্ডি ২ নম্বর রোড হতে মিরপুর রোড হয়ে ২৭ নম্বর রোড পর্যন্ত এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং-২৩)

৮) মডস জোন-৩ এর আওতাধীন রায়ের বাজার, ছাতা মসজিদ লেন, মধুবাজার, গদিঘর ইত্যাদি এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং- ২৪)

সংযুক্তিসমূহ (২):

১। ৩ য় ধাপে প্রস্তাবিত মাস্ ক্লিনিং কাজের তালিকা।.

২। মাস্ ক্লিনিং কাজের ম্যাপ।.

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১২/২/২৪ ২:৩০ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.২ এর বর্ণনা মোতাবেক ৩ ধাপে মাস্ ক্লিনিং কাজের জন্য সর্বমোট ২৪ টি গ্রুপের মধ্যে ৩য় ধাপে সর্বশেষ ৮ টি গ্রুপ মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারনের কাজ Force Account এর মাধ্যমে সম্পন্ন করার জন্য প্রস্তাব করা হলো। কাজ চলাকালীন সময় প্রতি বছরের ন্যায় মাস্ ক্লিনিং কাজের পরিদর্শন কমিটিকে কাজের সিডিউল প্রদান করা হবে ও কাজ শেষে পরিদর্শন কমিটি কর্তৃক সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি স্বাপেক্ষ্যে ভাউচার সমুহ সমন্বয় করা হবে। **অত্র মডস জোনের আওতাধীন নীলক্ষেত থেকে ধানমন্ডি ২ নং রোড হয়ে বিডিআর গেট হয়ে ঝিগাতলা পয়ঃ পাম্প পর্যন্ত এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং-২০)** কাজ করার জন্য ঢাকা ওয়াসা এর পূর্ব অনুমোদিত দর অনুযায়ী খরচের হিসাব তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে **৳ ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার)** টাকা মাত্র। আলোচ্য কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৮২(১) (Force Account) অনুসরনে বাস্তবায়ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২০২৪ ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার B-14.2 এর ক্রমিক নং - ৯ (Force Account) এবং চলতি অর্থবছরে অত্র মডস জোনের অনুকুলে বরাদ্দকৃত বাজেটের পয়ঃ লাইন রক্ষণাবেক্ষন (কোড নং-01-04-002) হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):

১। ২০২৩-২৪ ইং অর্থ বছরে মডস জোন-৩ এর অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.

২। পূর্বের অনুমোদিত দর।.

৩। প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১২/২/২৪ ২:৩৩ অপরাহ্ন

উপরিউক্ত বর্ণনার আলোকে জরুরী ভিত্তিতে জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে " **মডস জোন-৩ এর আওতাধীন নীলক্ষেত থেকে ধানমন্ডি ২ নং রোড হয়ে বিডিআর গেট হয়ে ঝিগাতলা পয়ঃ পাম্প পর্যন্ত এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং-২০)** " জরুরী ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট **৳ ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার)** টাকার প্রাক্কলনটি অনুমোদন।

খ) কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৮২(১) (Force Account) অনুসারে বাস্তবায়নের অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২০২৪ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার B-14.2 এর ক্রমিক নং - ৯ (Force Account) এবং অত্র মডস জোনের অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পয়ঃ লাইন রক্ষণাবেক্ষন (কোড নং-01-04-002) খাত হতে নির্বাহ করার অনুমোদন। " জরুরী ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

উল্লিখিত প্রস্তাব সমূহ **ব্যবস্থাপনা পরিচালক মহোদয়** কর্তৃক সদয় অনুমোদনের নিমিত্তে সদয় উপস্থাপন করা হ'ল।

১৩/২/২৪ ২:৫৭ অপরাহ্ন তৌফিক আহম্মদ চৌধুরী উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৩	১৩/২/২৪ ৩:০৯ অপরাহ্ন আনসার আহমেদ চকদার সহকারী প্রকৌশলী মডস জোন-৩	১৩/২/২৪ ৬:০৩ অপরাহ্ন জয়ন্ত সাহা নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৩	~~১৩/২/২৪ ৬:০৩ অপরাহ্ন~~ ~~মোঃ আব্দুল মজিদ~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~মডস সার্কেল ১~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১৪/২/২৪ ৬:৩০ অপরাহ্ন

আলোচনা করুন।

১৪/২/২৪ ৬:৩১ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	~~১৪/২/২৪ ৬:৩১ অপরাহ্ন~~ ~~জয়ন্ত সাহা~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~মডস জোন-৩~~

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ২০/২/২৪ ৫:২১ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৫ এর আলোকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনা হয়েছে। আলোচনার প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এম.আই.এস রিপোর্ট (মে/২০১৫) অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১২৮কিলোমিটার পয়ঃ লাইন, ৩১০০টি ম্যানহোল ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। সুষ্ঠ পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক বাৎসরিক ভিত্তিতে মাস্ ক্লিনিং কাজ করা হয়। মড্স জোন-৩ এ বিদ্যমান পয়ঃ লাইন প্রতি ধাপে ৮টি গ্রুপে বিভক্ত করে সর্বমোট ৩ ধাপে ২৪টি গ্রুপের মাধ্যমে মাস্ ক্লিনিং কাজ করা হয়। ইতোমধ্যে ১ম ধাপের ৮ টি গ্রুপের মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারনের কাজ সম্পন্ন হয়েছে এবং ২য় ধাপের ৮ টি গ্রুপের মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারনের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। সেই লক্ষ্যে কাজের ধারাবাহিকতা রক্ষার্থে ২য় ধাপের মাস ক্লিনিং কাজ সম্পন্ন হওয়ার পর ৩য় ধাপের মাস ক্লিনিং কাজ শুরু করা আবশ্যক। **তারই ধারাবাহিকতা রক্ষার্থে ৩য় ধাপের মাস ক্লিনিং কাজের জন্য পয়ঃ লাইন পরিস্কার করন ও স্লাজ সরানো সহ ৮ (আট) টি গ্রুপের কাজ আগামী ০১ মার্চ/২৪ হতে শুরু করা করা প্রয়োজন।**

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ২০/২/২৪ ৫:২২ অপরাহ্ন

৩য় ধাপের প্রস্তাবিত মাস্ ক্লিনিং ৮টি গ্রুপের মধ্যে **"নীলক্ষেত থেকে ধানমন্ডি ২ নং রোড হয়ে বিডিআর গেট হয়ে ঝিগাতলা পয়ঃ পাম্প পর্যন্ত এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং-২০) "** কাজ করার জন্য পূর্ব অনুমোদিত দর অনুযায়ী প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৳. ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার) টাকা মাত্র। আলোচ্য কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৮২(১) (Force Account) অনুসরনে বাস্তবায়ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২০২৪ ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার B-14.2 এর ক্রমিক নং - ৯ (Force Account) এবং চলতি অর্থবছরে অত্র মডস জোনের অনুকুলে বরাদ্দকৃত বাজেটের পয়ঃ লাইন রক্ষণাবেক্ষন (কোড নং-01-04-002) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য, কাজটি বাস্তবায়নের প্রশাসনিক ও আর্থিক অনুমোদন ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

অনুচ্ছেদ ১.৮ - তারিখঃ ২০/২/২৪ ৫:২৩ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে জরুরী ভিত্তিতে জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে **"মডস জোন-৩ এর আওতাধীন নীলক্ষেত থেকে ধানমন্ডি ২ নং রোড হয়ে বিডিআর গেট হয়ে ঝিগাতলা পয়ঃ পাম্প পর্যন্ত এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (৩য় ধাপ, ক্রমিক নং-২০)"** কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট **৳ ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার)** টাকার প্রাক্কলনটি অনুমোদন;

খ) কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৮২(১) (Force Account) অনুসারে **বাস্তবায়নের** অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২০২৪ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার B-14.2 এর ক্রমিক নং - ৯ (Force Account) এবং অত্র মডস জোনের অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পয়ঃ লাইন রক্ষণাবেক্ষন (কোড নং-01-04-002) খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লিখিত প্রস্তাব সমূহ **ব্যবস্থাপনা পরিচালক মহোদয়** কর্তৃক সদয় অনুমোদনের নিমিত্তে সদয় উপস্থাপন করা হ'ল।

২০/২/২৪ ৫:২৪ অপরাহ্ন জয়ন্ত সাহা নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৩	২০/২/২৪ ৮:৫০ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	২০/২/২৪ ৯:৫৫ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	~~২০/২/২৪ ৯:৫৫ অপরাহ্ন~~ ~~এ. কে. এম. সহিদ উদ্দিন~~ ~~উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)~~ ~~উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)~~ ~~এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.৯ - তারিখঃ ২২/২/২৪ ১:৩২ অপরাহ্ন

Forwarded for the approval of note 1.8.

২২/২/২৪ ১:৩২ অপরাহ্ন এ. কে. এম. সহিদ উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর	~~২২/২/২৪ ১:৩২ অপরাহ্ন~~ ~~প্রকৌশলী তাকসিম এ খান~~ ~~ব্যবস্থাপনা পরিচালক~~ ~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ ১.১০ - তারিখঃ ২২/২/২৪ ১১:৪১ অপরাহ্ন

Okay

২২/২/২৪ ১১:৪১ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

২৩/২/২৪ ৮:২৭ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

২৩/২/২৪ ৮:২৭ অপরাহ্ন
তৌফিক আহম্মদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩